# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৬৪

পর্ব-৩: হায়য ও ইস্তিহাযাহ্ প্রসঙ্গে (كِتَاب الْحَيْضِ وَالِاسْتِحَاضَةِ)

পরিচ্ছেদঃ ৬: হায়য ও ইস্তিহাযার রক্তের পার্থক্য

## بَاب الْفَرْقِ بَيْنَ دَمِ الْحَيْضِ وَالِاسْتِحَاضَةِ

আরবী

أَخْبَرَنَا يَحْيَى بْنُ حَبِيبِ بْنِ عَرَبِيٍّ، عَنْ حَمَّادٍ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ، قالت: اسْتُحِيضَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ، فَسَأَلَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ، إِنِّي أُسْتَحَاضُ فَلَا أَطْهُرُ، أَفَأَدَعُ الصَّلَاةَ ؟ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّمَا ذَلِكَ عِرْقٌ وَلَيْسَتْ بِالْحَيْضَةِ، فَإِذَا أَقْبَلَتِ الْحَيْضَةُ فَدَعِي الصَّلَاةَ، وَإِذَا أَدْبَرَتْ فَاغْسِلِي عَنْكِ الدَّمَ وَتَوَضَّئِي وَصَلِّي، فَإِنَّمَا ذَلِكَ عِرْقٌ وَلَيْسَتْ بِالْحَيْضَةِ، قِيلَ لَهُ: فَالْغُسْلُ ؟ قَالَ: وَذَلِكَ لَا يَشُكُّ فِيهِ أَحَدٌ . قَالَ أَبُو عَبْد الرَّحْمَنِ: قَدْ رَوَى هَذَا الْحَدِيثَ غَيْرُ وَاحِدٍ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، وَلَمْ يَذْكُرْ فِيهِ وَتَوَضَّئِي غَيْرُ حَمَّادٍ، وَاللَّهُ تَعَالَى أَعْلَمُ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٢١٨ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 364 - صحيح الإسناد

বাংলা

৩৬৪. ইয়াহইয়া ইবনু হাবীব ইবনু ’আরাবী (রহ.) ..... আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, ফাতিমাহ বিনতু আবূ হুবায়শ (রাঃ) ইস্তিহাযাগ্রস্ত হলে তিনি নবী (সা.) -কে এ ব্যাপারে জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আমি ইস্তিহাযাগ্রস্ত, ফলে আমি পবিত্র হই না, এমতাবস্থায় আমি কি সালাত ছেড়ে দিব? রাসূলুল্লাহ (সা.) বললেন, তা শিরা থেকে নির্গত রক্ত, হায়য নয়। অতএব যখন হায়য দেখা দিবে তখন সালাত ছেড়ে দিবে, আর যখন ঐ সময় চলে যাবে তখন তোমার শরীর থেকে রক্ত ধৌত করে নিবে এবং উযূ করে সালাত আদায় করবে। তা শিরা থেকে নির্গত রক্ত, হায়য নয়। সনদের জনৈক বর্ণনাকারীকে প্রশ্ন করা হল তা হলে গোসল? তিনি বললেন, এ বিষয়ে

কেউ সন্দেহ পোষণ করেননি। আবূ আবদুর রহমান (রহ.) বলেন, হিশাম ইবনু ’উরওয়াহ (রহ.) হতে এ হাদীসটি একাধিক রাবী বর্ণনা করেছেন। কিন্তু হাম্মাদ (রহ.) ব্যতীত আর কেউ ’উযূ করে সালাত আদায় করবে’ এ কথাটি উল্লেখ করেননি।

## English

6. The Difference Between Menstrual Blood And Istihadah

It was narrated that 'Aishah said: Fatimah bint Abi Hubaish suffered from Istihadah and she asked the Prophet (ﷺ): 'O Messenger of Allah, I suffer from Istihadah and I do not become pure; should I stop praying?' The Messenger of Allah (ﷺ) said: 'That is a vein and is not menstruation. When your period comes, stop praying, and when it goes wash the traces of blood from yourself and do Wudu'. That is a vein and is not menstruation.' It was said to him (one of the narrators): What about Ghusl? He said: No one is in doubt about that.

### ফুটনোট

সহীহ: মুসলিম ৩৩৩, ইবনু মাজাহ ৬২১। [দ্রঃ ২১৭]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86635

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন